গাংনীতে ৫ বছরের শিশুকে ধর্ষণ করেছে সৎ বাবা

মেহেরপুরের গাংনীতে পাঁচ বছরের এক শিশুকে সৎ বাবার বিরুদ্ধে ধর্ষণ করার অভিযোগ উঠেছে।
গত রবিবার দুপুরে গাংনী উপজেলার ধানখোলা গ্রামের মাঠপাড়ায় এ ঘটনা ঘটে। যৌন নির্যাতনকারী আবু তাহের ধানখোলা মাঠপাড়ার ইসলাম আলীর ছেলে।
যৌন নির্যাতনের শিকার ওই শিশুর মা জানান, মেয়ের বাবার মৃত্যুর তাহেরের সাথে তার দ্বিতীয় বিয়ে হয়। বিয়ের পর থেকে আমার মেয়ে ও আমাকে মারধর করতো। ঘটনার দিন দুপুরে আমি পাশের একটি বাগানে খড়ি কুড়াতে যায়। খড়ি নিয়ে বাড়িতে দেখি আমার মেয়ের উপর যৌন নির্যাতন করছে লম্পট আবু তাহের। ঘটনাটি দেখে ফেলায় পর ধামাচাপা দিতে অব্যাহত হত্যার হুমকি দেয়। মেয়ের শারীরিক অবস্থার অবনতি হলে সোমবার দুপুর সাড়ে বারোটার দিকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে নেয়া হয়। মেয়ের শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।
শিশুটির মা আরো জানায়, তার স্বামী আবু তাহের গত কয়েক বছর আগে তার নিজের সন্তানকে ধর্ষণ করে। এ ঘটনার অপমান সইতে না পেরে মেয়েটি আত্মহত্যা করে। স্থানীয়রা জানান, আবু আবু তাহের এর হাত থেকে শিশু থেকে পশু এমনকি নিজের মেয়েও রক্ষা পায়নি সকলেই তার লালসার শিকার হয়েঠে। অবিলম্বে লম্পট এর দৃষ্টান্ত মূলক শাস্তি দাবি করেন তারা।
প্রাথমিকভাবে ধর্ষণের আলামত মিলেছে বলে নিশ্চিত করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার শায়লা আহমেদ জানান, উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান জানান,ঘটনায় কেউ অভিযোগ দায়ের করেনি অভিযোগ দিলে অবশ্যই লম্পট তাহেরের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে জেলা যুবলীগের উদ্যোগে শ্রদ্ধানিবেদন

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে জেলা যুবলীগের উদ্যোগে শ্রদ্ধানিবেদন করা হয়েছে। সোমবার সকালে জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন এর নেতৃত্বে মেহেরপুর শহীদ স্মৃতিস্তম্ভে ফুল দিয়ে শ্রদ্ধানিবেদন করেন নেতাকর্মীরা।

এসময় উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহীদুল ইসলাম পেরেশান, সদর উপজেলা যুবলীগের আহবায়ক মিজানুজ্জামন অপু, যুবলীগ নেতা হাসানুজ্জামান হিলন, ইয়ানুস আলী, আবু শাকিল আঙ্গুর, খোকন, লাল্টু, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ইসকেন্দার মাহমুদ বিপ্লব, সাধারণ সম্পাদক ওয়াসিম আলী স্বপন, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি রিংকু মাহমুদ, সাধারণ সম্পাদক আলহামদু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিক, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি খালেক, সাধারণ সম্পাদক শান্তি রাজ প্রমূখ।

- নিজস্ব প্রতিনিধি

যে সকল রাজাকার মুক্তিযোদ্ধা তালিকায় রয়েছেন তাদের ভাতা

বন্ধসহ আইনি ব্যবস্থা নেওয়া হবে — জেলা প্রশাসক

মুক্তিযুদ্ধ মন্ত্রণালয় সরাদেশে রাজাকারদের তালিকা প্রকাশ করেছে। সেই তালিকায় মেহেরপুরের বেশ কয়েকজন রাজাকরে মুক্তিযোদ্ধা তালিকাতেও রয়েছেন। ওই সকল রাজাকার মুক্তিযোদ্ধাদের সনদ বাতিলসহ ভাতা বন্ধ করা হবে এবং তাদের বিরুদ্ধে মোকদ্দমা করা হবে। সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে যুদ্ধাহত মক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের সংবর্ধনা অনুষ্ঠানে একথা বলেন জেলা প্রশাসক ।
তিনি বলেন, এখন মুক্তিযোদ্ধা যাচাই বাছায় চলছে। উপজেলা কমিটির প্রতি আমার আহবান কোন রাজাকারের নাম যদি মুক্তিযোদ্ধা তালিকায় নাম উঠে আসে তবে কমিটির কাউকে ছাড় দেওয়া হবে না। অনেক রাজাকার মুক্তিযোদ্ধা হয়ে ভাতা নিচ্ছেন, সংবর্ধনা নিচ্ছেন। এ ধরণের রাজাকারদের ভাতা এই মাস থেকে বন্ধ করা হবে। এবং এসকল রাজাকরদের বিরুদ্ধে আমি সরকারি ভাবে মামলা দায়ের করবো।
জেলা প্রশাসক মো: আতাউল গনির সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মুক্তিযোদ্ধা কে এম আতাউল হাকিম লাল মিয়া, ক্যাপ্টেন অব:) আব্দুল মালেক, প্রভাষক (অব:) নুরুল আহমেদ প্রমুখ।
অনুষ্ঠানে মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়।

মহান বিজয় দিবসে মেহেরপুর জেলা বিএনপির শ্রদ্ধাঞ্জলি

বিজয় দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সহ সভাপতি ওমর ফারুক লিটন এর নেতৃত্বে শ্রদ্ধানিবেদন করেন নেতাকর্মীরা।

এসময় উপস্তিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক প্রভাশক ফয়েজ মহম্মদ জেলা বিএনপির সহ সাংগঠনিক সম্পাদক কাজি মিজান মেনন,বিএনপি নেতা একরামুল হক একা,

বিএনপি নেতা আব্দুল করিম, বিএনপি নেতা জালাল উদ্দীন ফরিদ,বিএনপি নেতা আব্দুল লতিফ,

জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লিয়ার, সহ সাধারণ সম্পাদক আলতাব হোসেন জেলা যুবদলের অন্যতম সদস্য মনিরুল ইসলাম মনি,

জেলা ছাত্রদলের সহ সভাপতি নাহিদ মাহবুব সানি,জেলা ছাত্রদলের সহ সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু,জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক গিয়াস উদ্দিন, সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দিন, ছাত্রনেতা ইয়াসিন,

ছাত্রনেতা রুবেল,জেলা নবিনদলের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, জেলা নবিনদলের সাংগঠনিক সম্পাদক নাহিদ,জেলা নবিনদলের দপ্তর সম্পাদক সোহাগ উদ্দিন, নাইম, কালাম,বিল্লাল প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

নাগরিক ঐক্য মেহেরপুর এর উদ্যোগে বিজয় দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধানিবেদন

নাগরিক ঐক্য মেহেরপুর এর উদ্যোগে বিজয় দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধানিবেদন করা হয়েছে। সোমবার সকালে স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধানিবেদন করা হয়।

উপস্তিত ছিলেন নাগরিক ঐক্য মেহেরপুর জেলা আহবায়ক মনিরুজ্জামান সোহেল, নাগরিক নারী ঐক্য মেহেরপুর জেলা শাখার আহবায়ক মলিনা খাতুন, নাগরিক যুব ঐক্য মেহেরপুর জেলা শাখার আহবায়ক রিপন সরকার,

যুব ঐক্য মেহেরপুর সদর উপজেলা কমিটি আহবায়ক সাব্বির আহমেদ,যুগ্ন আহবায়ক রুপচাদ আলী, নাগরিক শ্রমিক ঐক্য মেহেরপুর জেলা শাখার সদস্য মোস্তফা প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের শহীদের প্রতি শ্রদ্ধানিবেদন

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ মেহেরপুর জেলা শাখার পক্ষ থেকে সকল শহীদের প্রতি শ্রদ্ধানিবেদন।

এ সময় উপস্থিত ছিলেন মোঃ মুজিবুল হক জোয়ার্দ্দার মিলন আহবায়ক,, বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ মেহেরপুর জেলা শাখা।

মোঃ তারিকুল ইসলাম রাজিব সদস্য সচিব, বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ মেহেরপুর জেলা শাখা।

মোঃ মিনারুল ইসলাম মিনার যুগ্ন আহবায়ক, বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ মেহেরপুর জেলা শাখা।

মোঃ সুজাউদ্দিন সুজন আহবায়ক বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ সদর উপজেলা শাখা, মেহেরপুর।

মিনারুল ইসলাম যুগ্ম আহ্বায়ক, সদর উপজেলা শাখা মেহেরপুর। মনিরুল ইসলাম, আব্দুর রহিম, আলামিন, সূচল আরো নেতৃবৃন্দ।

- নিজস্ব প্রতিনিধি

বিজয় দিবসে মেহেরপুরে যুবলীগের শ্রদ্ধা নিবেদন

মেহেরপুরে বিজয় দিবস উপলক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানিয়েছেন যুবলীগ।

সোমবার সকালে মেহেরপুরের শহীদ স্মৃতিস্তম্ভে জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল এর নেতৃত্বে এ শ্রদ্ধা নিবেদন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, সদর উপজেলা যুবলীগের সভাপতি আনোয়ার হোসেন, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল, কৃষকলীগের সভাপতি জাফর ইকবাল, জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি একে আজাদ সাগর সহ নেতাকর্মীরা।

- নিজস্ব প্রতিনিধি

আমঝুপিতে মহান বিজয় দিবস উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। সেমবার ভোরে জাতীয় পতাকা উত্তোলন, র্যালীর মধ্যে দিয়ে দিবসটি পালন করা হয়।

আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, আরো উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুতয়ার রহমান ও সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, ইউপি সদস্য আলফাজ হোসেন, ৭নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মন্টু, ৮নং ওয়ার্ডের আওলাদ হোসেন, মুক্তিযোদ্ধা মহাবুল হোসেন, জাকির হোসেন, আতিয়ার রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

আরো পড়ুন: মুজিবনগরে বিজয় দিবসের সকল কর্মসূচি বয়কট করেছে সাংবাদিকরা

র্যালী:

দলীয় কার্যালয় থেকে বিজয় র্যালি নিয়ে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে শহীদ মিনারে পুষ্প অর্পন করেন। মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান, সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম।
আরো পড়ুন:মেহেরপুরে মহান বিজয় দিবস পালন শুরু

জাতীয় পতাকা উত্তোলন :
আমঝুপি ইউনিয়ন পরিষদে পতাকা উত্তোলন করেন চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক আহম্মদ আলি, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষক শহিদুল ইসলাম, এ আর বি কলেজ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান, আমঝুপি আলিম মাদরাসায় অধ্যক্ষ মাহবুব উল আলম, আমঝুপি বিএডিসি খামারে জিয়া উদ্দিনসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংগঠনগুলো জাতীয় পতাকা উত্তোলন করে।

মুজিবনগরে বিজয় দিবসের সকল কর্মসূচি বয়কট করেছে সাংবাদিকরা

মুজিবনগরে বিজয় দিবস উপলক্ষে উপজেলা আওয়ামীলীগের আগে মুজিবনগর প্রেসক্লাবের পক্ষ থেকে সৃৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করায় লাঞ্চনার শিকার হতে হয়েছে উপজেলার সকল সাংবাদিকদের।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দীন বিশ্বাস সাংবাদিকদের সাথে শতশত জনতার সামনে আশালীন আচরণ করেন। এসময় তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে বলেন, উপজেলা আওয়ামীলীগের আগে ফুল দেয়ার সাহস তোদের কে দিয়েছে। এসময় সাংবাদিক শফি কিছূ বলতে চাইলে তিনি বলেন তুই কে? যদি ফুল দেওয়ার এতই ইচ্ছে থাকে তবে আওয়ামীলীগের ব্যানারে এসে ফুল দে।
আরো পড়ুন মেহেরপুরে মহান বিজয় দিবস পালন শুরু

ঘটনার বিষয়ে বিবৃতি দিয়ে মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স বলেন, যে কোন জাতীয় অনুষ্ঠানে ফুল দেয়ার অধিকার আমাদের সকলের আছে। কিন্তু উপজেলা চেয়ারম্যান আমাদের সাথে এরকম আচরণ করায় আমরা সাংবাদিকরা লজ্জিত। যে কারণে আমাদের সহকর্মীদের সম্মান রক্ষার্থে বিজয় দিবসের সকল অনুষ্ঠান বয়কট করেছি।

আরো পড়ুন:মেহেরপুরে মহান বিজয় দিবস পালন শুরু

উল্লেক্ষ, আজ সোমবার সকালে বিজয় দিবস নিউজ সংগ্রহ করতে কোন রকম ব্যাঘাত না ঘটে সে লক্ষে উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও মুক্তিযোদ্ধাদের পরে মুজিবনগর প্রেসক্লাবের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়। সাথে সাথে উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস সাংবাদিকদের সাথে এ ধরণের অশালীন আচরণ করেন। এ ঘটনার পর থেকে বিজয় দিবসের সকল কর্মসূচি বয়কট করে মুজিবনগরের সাংবাদিকরা সকল কর্মসূচী বয়কট করে স্মৃতিসৌধে অবস্থান নেয়। আরো পড়ুন:আমঝুপিতে মহান বিজয় দিবস উদযাপন

-মুজিবনগর অফিস

মেহেরপুরে মহান বিজয় দিবস পালন শুরু

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে নানা কর্ম সূচীর মধ্যে দিয়ে যথাযোগ্য মর্য৪◌াদায় ৪৮ তম মহান বিজয় দিবস পালন শুরু হয়েছে। ভোরে মেহেরপুর শহীদ ড. সামসুজ্জোহা পার্কে ৩১ বার তপোধ্বনীর মধ্যে দিয়ে দিবসটির কার্যক্রম শুরু হয়। পরে সূর্য়োদয়ের সাথে সাথে সকল সরকারি বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।

পতাকা উত্তোলন শেষে মেহেরপুর সরকারি কলেজের মোড়ের স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনি জেলা প্রশাসনের পক্ষে, পুলিশ সুপার এস এম মুরাদ আলী পুলিশ প্রশাসনের পক্ষে, এছাড়া বিভিন্ন রাজনৈতিক দল, বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠান প্রধান, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দরা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পরে সকাল সাড়ে ৮টায় মেহেরপুর জেলা ষ্টেডিয়ামমাঠে মহান বিজয় দিবস উপলক্ষে কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শনী অনুষ্ঠান শুরু হয়। জেলা প্রশাসক মো: আতাউল গনি জাতীয় সঙ্গীতের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা করেন। কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শনীতে পুলিশ, আনছার, স্কাউট, বিএনিসিসি ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছে।

নিজস্ব প্রতিনিধি